

USHA®

ছোট মেয়ে স্কার্ট

এই টিউটোরিয়ালে আপনি আপনার ছোট মনির জন্য নজর কাড়া পাট ওয়ালা স্কার্ট কিভাবে বানাতে হয় শিখতে পারেন।

আপনার যদি এমন একটা মেয়ে থাকে যার পছন্দ সুন্দর লেস ওয়ালা জিনিস, তা হলে এটা আপনার জন্য। এই টিউটোরিয়ালে আপনি আপনার ছোট মনির জন্য নজর কাড়া পাট ওয়ালা স্কার্ট কিভাবে বানাতে হয় শিখতে পারেন। চলুন, শুরু করা যাক

১০ থেকে ১২ বছর বয়সী মেয়েদের লাগবে এমন পাট ওয়ালা স্কার্ট বানাতে দুই টুকরা কাপড় দরকার হবে -লম্বায় ২০.৫ ইঞ্চি এবং দুই ভাঁজ করলে ২৩.৫ ইঞ্চি চওড়া থাকে এমন এক টুকরা স্যাটিন কাপড় এবং লম্বায় ১৬.৫ ইঞ্চি এবং দুই ভাঁজ করলে ২৩.৫ ইঞ্চি চওড়া থাকে এমন এক টুকরা লেস কাপড়, মেলানো সূতা, এক টুকরা ইলাস্টিক, সেফটি পিন এবং কিছু বাডেড পিন।

আমরা স্যাটিন কাপড় নিয়ে প্রথমে কাজ করবো। এই হলো লম্বা আর এই হলো চওড়া। কাপড়ের এই দিকটা সোজা আর এই দিকটা উল্টা। স্যাটিন কাপড় টি এমন ভাবে আধাআধি ভাঁজ করবেন যেন কাপড়ের সোজা দিকটা মুখোমুখি থাকে

বাডেড পিন দিয়ে জায়গা মত আটকে দিন।

লেসের কাপড় টি এমন ভাবে আধাআধি ভাঁজ করলেন যেন কাপড়ের সোজা দিকটা মুখোমুখি থাকে। আবার, বাডেড পিন দিয়ে জায়গা মত আটকে দিন। আলাদাভাবে, আমরা দুইটি পিন যুক্ত পাশগুলো সেলাই করবো।





এবার মেশিন সেট করা যাক - 'প্যাটার্ন সিলেক্টর ডায়াল' এ সোজা স্টিচ এর জন্য 'এ' সিলেক্ট করবেন এবং স্টিচ লেংথ ২.৫ সেট করবেন।

উল্টা সেলাই দিয়ে শুরু করবেন এবং স্যাটিন কাপড় এর প্রথম লেয়ারের পিন আটকানো দিক সেলাই করবেন। সেলাই কালে পিন খোলার দিকে খেয়াল রাখুন। উল্টা সেলাই দিয়েই শেষ করবেন।

একই ভাবে লেসের কাপড় এর প্রথম লেয়ারের পিন আটকানো দিক সেলাই করবেন। অতিরিক্ত সূতা গুলো ছেঁটে ফেলুন।

আমরা এই মাত্র সাইড সিমের সেলাই সম্পন্ন করলাম।

আমরা এরপর স্যাটিন কাপড় এর হেম নিয়ে কাজ করবো। লেসের কাপড় এর কিনারা ঢেউ খেলানো থাকায় হেম করার দরকার পড়বে না।

আধা ইঞ্চি করে ভাঁজ করুন এবং তিন-চার ইঞ্চি পর আবার ভাঁজ করেন ঠিক এইভাবে... জায়গাগুলোতে পিন করুন। পিন করা কর্নার বরাবর সেলাই করে যান। সেলাই কালে পিন খোলার দিকে খেয়াল রাখুন।

দুই রকমের কাপড়টা বাইরে উল্টান - অর্থাৎ, কাপড়ের সোজা পাশ যাতে বাইরে আসে আর সেলাই করা সব সিম গুলো ভিতরে চলে যায়।

স্যাটিন কাপড় কে লেসের কাপড় এর ভিতরে এমন ভাবে বসান যাতে স্যাটিন কাপড় এর সোজা দিক লেসের কাপড় এর উল্টা দিকের মুখোমুখি থাকে। আমাকে অনুসরণ করুন দেখুন আমি কি ভাবে করছি।

দুই কাপড়ের পাশে সিম গুলি এ ভাবে চ্যাপ্টা করবেন। উভয় সিম মিলিয়ে দিন এবং পিন করে দিন। উপর দিকে দুই কাপড়কে একত্রে আধা ইঞ্চি ভাঁজ দিন এবং আবার প্রায় পৌনে দুই ইঞ্চি মাপে এ রকম করে ভাঁজ দিন। পিন দিয়ে আটকে দিন।





পাশে সিম থেকে সাড়ে পাঁচ ইঞ্চি মেপে মার্কি দিন। এই মার্কি থেকে দেড় ইঞ্চি দূরে আরেকটি মার্কি দিন।

আমরা মার্কি দেয়া একটি পয়েন্ট থেকে সেলাই শুরু করে ঘুরিয়ে অন্য পয়েন্টে এনে শেষ করবো।

দেড় ইঞ্চি যে ফাঁক রয়ে গেল সেখান দিয়ে ইলাস্টিক লাগানো যাবে। পিন করা প্রান্ত ধরে সেলাই করে যান। উল্টো সেলাই দিয়ে শুরু এবং শেষ করতে ও পিন খোলার কথা মনে রাখবেন

স্কার্টের উপর ইলাস্টিকের এই ভাবে মাপ নিন। দুই ইঞ্চি বেশী রেখে কেটে ফেলুন। ফাঁকা জায়গা দিয়ে সেফটি পিনের সাহায্যে ইলাস্টিক ঢোকান।

অন্য মাথা যাতে ভিতরে অদৃশ্য হয়ে না যায় সে জন্য এক মাথা পিন দিয়ে আটকে দিন।

ইলাস্টিক ভরা হয়ে গেলে মাথার পিন খুলে নিন। এরপর এক মাথার উপর আরেক মাথা উঠিয়ে পিন আটকে দিন। শুধু খেয়াল রাখুন যেন ইলাস্টিক ভেতরে সোজা ভাবে বসে

ইলাস্টিক এর দুই প্রান্ত সেলাই করে দিন যেন জোড়ার জায়গায় চারকোনা সেলাই হয় এবং কোনা ঘোরানোর সময় সুঁই যেন ইলাস্টিক এর ভেতরে ঢুকে

কসিং এর ভিতর ইলাস্টিক সোজা করে দিন। এরপর আমরা খোলা মুখ সেলাই করে দেবো। অল্প কয়েকটা সেলাই দিয়ে মুখ বন্ধ করে দিন। অতিরিক্ত সুতো গুলি ছেঁটে ফেলুন।

আপনার পাট ওয়ালা বেবী স্কার্ট একেবারে প্রস্তুত।

হাসিখুশি ছটফটে স্বভাবের কারণে বাচ্চাদেরকে পাট ওয়ালা স্কার্টে দারম্মন দেখায়। আপনি বিভিন্ন রকমের গাদা গাদা কাপড় দিয়ে পরীক্ষা করে দেখতে পারেন কোনটাতে কেমন দেখায়।

উপভোগ করুন

